

কৃষি ভার্শিটিতে ফের ক্লাস শুরু ॥ ভিসি হওয়ার জন্য জোর লবিং

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥
নির্বাচনোত্তর নীরবতার পর শনিবার
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ফের
ক্লাস শুরু হয়েছে। বেশিরভাগ ছাত্রছাত্রী
ক্যাম্পাসে ফিরে এসেছে। ক্লাসে
উপস্থিতি ছিল স্বাভাবিক।
ছাত্র বিষয়ক উপদেষ্টা, প্রক্টর ও ১১
হলের প্রভোস্টদের পদত্যাগপত্র গৃহীত
হয়নি। উপাচার্য ডঃ মোঃ আনোয়ারুল
ইসলাম অফিসে বসছেন না। একটি
সূত্রে জানা গেছে, উপাচার্য ময়মনসিংহ
শহরে অবস্থান করছেন এবং সেখানে
বয়েসি গুরুত্বপূর্ণ ফাইলসমূহে স্বাক্ষর
করছেন। নতুন সরকার না আসা পর্যন্ত
উপাচার্য ডঃ ইসলামের পদত্যাগ করার
সম্ভাবনা নেই। বিএনপি সমর্থক
সোনালী দলের শিক্ষকগণ রবিবার
রাতে উপাচার্য ডঃ মোঃ আনোয়ারুল
ইসলামের সঙ্গে দেখা করে তাঁকে
উপাচার্যের রুটিন দায়িত্ব পালনের
অনুরোধ জানান।
এদিকে ১৯৯৫ সালের ১৬ ডিসেম্বর
সর্বদলীয় ছাত্রঐক্য কর্তৃক বিতাড়িত
ইসলামী ছাত্রশিবিরের নেতাকর্মীরা ৬
বছর পর ক্যাম্পাসে ফিরে এসেছে।
তারা ক্যাম্পাসে তাদের অবস্থান সুদৃঢ়
করার চেষ্টা করছে।
নতুন উপাচার্য হবার জন্য ইতোমধ্যেই
জোর লবিং শুরু হয়েছে। বিএনপি
সমর্থক উপাচার্য প্রার্থীরা ঢাকায়
বিএনপির উচ্চ পর্যায়ে দেনদরবার
করছেন। উপাচার্য হবার প্রতিযোগিতার
দৌড়ে যারা আছেন তারা হচ্ছেন
মুক্তিকাবিজ্ঞান বিভাগের ড. মোঃ
মোশাররফ হোসাইন মিয়া, কৃষি
অর্থনীতির প্রফেসর মুঃ মুস্তাফিজুর
রহমান, কৃষি সম্প্রসারণের ড. আবদুল
হালিম, প্রাণ রসায়নের ড. মোঃ
রফিকুল হক ভূঞা, উদ্যানতত্ত্বের ড.
এএম ফারুক প্রমুখ।